

ঘূর্ণিঝড় “বুলবুল” সংক্রান্ত প্রস্তুতিমূলক বিবৃতি


গত ০৬/১১/২০১৯ইং তারিখ দক্ষিণ পশ্চিম বঙ্গোপসাগরে সৃষ্ট নিম্নচাপটি ঘনীভূত হয়ে সর্বশেষ আবহাওয়া অধিদপ্তরের পূর্বাভাস অনুযায়ী ঘূর্ণিঝড়ে রূপান্তরিত হয়েছে যা বর্তমানে (১৪:০০ ঘটিকা ০৮/১১/২০১৯ইং) চট্টগ্রাম বন্দর হতে ৬৯৫ কিলোমিটার দক্ষিণ-পূর্বে অবস্থান করছে। চট্টগ্রাম বন্দর এবং পাশ্চবর্তী এলাকা সমূহকে আবহাওয়া অধিদপ্তর হতে ০৪ (চার) নং বিপদ সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে। চবক এর **Cyclone Disaster Preparedness & post cyclone rehabilitation plan -1992** অনুযায়ী অদ্য ০৮/১১/২০১৯ইং ১৫:৩০ ঘটিকায় চেয়ারম্যান, চবক মহোদয়ের সভাপতিত্বে এক জরুরী প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের বিভিন্ন বিভাগের ঘূর্ণিঝড় সংক্রান্ত জরুরী প্রস্তুতি ও বিভিন্ন কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয় এবং স্ব স্ব বিভাগ কর্তৃক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য চেয়ারম্যান, চবক মহোদয় নির্দেশনা প্রদান করেন। চ্যান্ডেলে অবস্থানরত অভ্যন্তরীণ জাহাজ এবং ছোট ছোট নৌ যান সমূহকে কর্ণফুলী সেতুর উজানে সরে যেতে নির্দেশ দেয়া হয়েছে। বর্হিনোঙ্গরে অবস্থানরত জাহাজ সমূহ ক্রমান্বয়ে কুতুবদিয়া-কক্সবাজার উপকূলে সরে যাচ্ছে এবং সার্বক্ষণিক ইঞ্জিন চালু রাখার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। জেটিতে অবস্থানরত জাহাজসমূহ এলাট-৩ জারী হওয়ার সাথে সাথে বর্হিনোঙ্গরে সরিয়ে নেওয়া হবে। সকল যন্ত্রপাতি প্ল্যান্ট /শেড নিরাপদে রেখে বন্দরের অপারেশনাল কার্যক্রম বন্দর বন্ধ করা হবে।

সভায় চেয়ারম্যান, চবক মহোদয় **Cyclone Disaster Preparedness & post cyclone rehabilitation plan -1992** অনুযায়ী বিপদ সংকেত -৪ এর জন্য বন্দরের ২নং এলাট জারী করেছেন এবং আবহাওয়া সিগন্যাল সংকেত -৫ জারী স্বাপেক্ষে বন্দর এলাট নং - ৩ এবং ৪ এর প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের নির্দেশনা প্রদান করেন। বন্দর এলাট নং - ২ মোতাবেক সার্বক্ষণিক জরুরী তথ্য আদান প্রদানের নিমিত্তে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের নৌ ও পরিবহন বিভাগে ০২ (দুই) টি কন্ট্রোল রুম খোলা হয়েছে।

নৌ বিভাগ কন্ট্রোল রুম নম্বর - ০৩১-৭২৬৯১৬

পরিবহন বিভাগ কন্ট্রোল রুম নম্বর - ০৩১-২৫১০৮৭৮

২০১৯-২০ ইং


০৬/১১/১৯
উপসচিব (কমজারসেটর)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ।